গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

শৃঙ্খলা ও তদন্ত শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০২৬.২৬. ১৯২ তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

বিষয়: জনাব মোঃ শহিদুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ২২/২০২৬ তারিখ ২৫/০৮/২০২৬....)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ শহিদুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২০/০৮/২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার বিভিন্ন স্মারকে ০৩(তিন) টি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। আপনি কর্মস্থলে উপস্থিত হয়ে কোন জবাব প্রদান করেননি এমনকি কোনরকম যোগাযোগ করেননি। এমতাবস্থায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ০৭/০৫/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.২৭.০০০৪.২৫.১৯৪ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মাদারীপুরকে সমাজসেবা অধিদপ্তরের শৃঙ্খলা ও তদন্ত শাখার ১০/০৬/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০২৬.২৬.১১৬ সংখ্যক স্মারক যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক ১৬/০৭/২০২৬ তারিখ ৪১.০১.৫৪০০.০০০.৯৯.০৪০.১৮.১৭১ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন;

যেহেতু, তদন্তে আপনি জনাব মোঃ শহিদুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২০/০৮/২০২৫ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ শহিদুল ইসলাম কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

২৫/৮/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ শহিদুল ইসলাম
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
শরীয়তপুর সদর, শরীয়তপুর।
স্থায়ী ঠিকানা: গ্রাম: আদি টাঙ্গাইল, ডাকঘর: টাঙ্গাইল-১৯০০, উপজেলা: টাঙ্গাইল সদর, টাঙ্গাইল পৌরসভা, জেলা: টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০২৬.২৬. ২৯২(১২)

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।
৮. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর।

25.08.26

(শেখ খলিল আল রশিদ)
উপপরিচালক
শৃঙ্খলা-তদন্ত, আইন-বিধি শাখা

অভিযোগ বিবরণী

জনাব মোঃ শহিদুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২০/০৮/২০২৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার বিভিন্ন স্মারকে ০৩(তিন) টি কারণ দর্শানোর নোটিশ প্রদান করেন। তিনি কর্মস্থলে উপস্থিত হয়ে কোন জবাব প্রদান করেননি এমনকি কোনরকম যোগাযোগ করেননি। এমতাবস্থায়, তার বিরুদ্ধে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ০৭/০৫/২০২৬ তারিখ ৪১.০১.৩০০০.০০০.০০০.২৭.০০০৪.২৫.১৯৪ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেন।

তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মাদারীপুরকে সমাজসেবা অধিদপ্তরের শৃঙ্খলা ও তদন্ত শাখার ১০/০৬/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০২৬.২৬.১১৬ সংখ্যক স্মারক যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক ১৬/০৭/২০২৬ তারিখ ৪১.০১.৫৪০০.০০০.৯৯.০৪০.১৮.১৭১ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

তদন্তে জনাব মোঃ শহিদুল ইসলাম, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর সদর, শরীয়তপুর এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২০/০৮/২০২৫ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২৫/৮/২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)